ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯৩৫

শান্তিরবাজার, ১৭ সেপ্টেম্বর, ২০২৬

**প্রধানমন্ত্রীর নির্দেশে প্রায় ১২ কোটি পরিবারে শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে ঃ তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী**

স্বচ্ছ ও নির্মল ভারত গঠন আমাদের লক্ষ্য। জনসেবাই রাষ্ট্র সেবা। মহাত্মা গান্ধিজীর স্বচ্ছ ভারত গঠনের স্বপ্নকে সফল করার লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৪ সালের ২ অক্টোবর স্বচ্ছ ভারত মিশন কর্মসূচি ঘোষণ করেন। তাছাড়া স্বচ্ছ ভারত অভিযানের মতো বহু প্রকল্প ঘোষণা করেন একটা নির্মল দেশ উপহার দেওয়ার জন্য। আজ শান্তিরবাজার মুকুট অডিটিরিয়াম প্রাঙ্গণে সেবা সংকল্প অভিযানের উদ্বোধন করে তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। একই সঙ্গে তিনি চারা গাছে জল সিঞ্চন করে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক স্বচ্ছতা হি সেবা কর্মসূচির সূচনা করেন। তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশে দেশের মহিলাদের জন্য প্রায় ১২ কোটি পরিবারে শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি সকল মানুষকে স্বচ্ছতার কাজে যুক্ত হওয়ার জন্য তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফ্রু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মহঃ সাজ্জাদ পি, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক দীপিকা গৌতম, বিশিষ্ট সমাজসেবী দ্বিপায়ন চৌধুরী প্রমুখ। তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস সাফাই কর্মীদের সঙ্গে স্বচ্ছতা অভিযানে অংশ নেন এবং শান্তিরবাজার পুর পরিষদের সাফাই কর্মীদের হাতে বিশেষ উপহার তুলে দেন। প্রধানমন্ত্রী সেবা সংকল্প অভিযান উপলক্ষে শান্তিরবাজার জেলা হাসপাতালে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করেন তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস।

*******